ঝিনাইদহে আদিবাসী ছাত্রীদের মাঝে বাইসাইকেল বিতরণ

ঝিনাইদহে আদিবাসী ছাত্রীদের মাঝে বাইসাইকেল বিতরণ করা হয়েছে। রোববার দুপুরে ঝিনাইদহ সদর উপজেলা পরিষদ চত্বরে উপজেলা পরিষদের পক্ষ থেকে এই বাইসাইকেল বিতরণ করা হয়।

এসময় উপজেলা চেয়ারম্যান এ্যাড. আব্দুর রশিদ, উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম শাহীনসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।
আদিবাসী শিক্ষার্থীদের শিক্ষার মূলধারায় ফিরিয়ে আনতে ও দূরবর্তী শিক্ষার্থীদের যাতায়াতের সু-ব্যবস্থা করতে সদর উপজেলার বিভিন্ন গ্রামের আদিবাসী সম্প্রদায়ের ১০ জন ছাত্রীর মাঝে এ সাইকেল বিতরণ করা হয়। উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী কর্মকর্তা ছাত্রীদের মাঝে সাইকেল বিতরণ করেন।

ঝিনাইদহে অস্বচ্ছল সাংস্কৃতিকর্মীদের মাঝে নগদ অর্থ বিতরণ

ঝিনাইদহে অস্বচ্ছল সাংস্কৃতিককর্মীদের মাঝে আর্থিক সহযোগিতা বিতরণ করা হয়েছে। রোববার দুপুরে ঝিনাইদহ সদর উপজেলা পরিষদের পক্ষ থেকে নগদ টাকা বিতরণ করা হয়।
উপজেলা পরিষদ চেয়ারম্যানের কক্ষে সদর উপজেলার বিভিন্ন এলাকার অস্বচ্ছল নাট্যকর্মী, বাদ্যশিল্পী, গায়কদের মাঝে প্রত্যেককে ২৫’শ টাকা করে বিতরণ করা হয়। এসময় উপজেলা চেয়ারম্যান এ্যাড. আব্দুর রশিদ, উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম শাহীন, উপজেলা শিল্পকলা একাডেমীর সাধারণ সম্পাদক নাজিম উদ্দিন জুলিয়াস, নির্বাহী সদস্য বাবুল আক্তাল লাল্টু, ন্যাট্য ব্যক্তিত্ব রুবেল পারভেজসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

[illegible]

[illegible]

নির্মানের অভিযোগ পাওয়া গেছে। আদালতের ১৪৪ ধারা জারি থাকা সত্তেও নিশেধাজ্ঞা আমলে না নিয়ে ক্ষমতার দাপট দেখিয়ে ঘর নির্মাণের অভিযোগ উঠেছে উপজেলার সাফদারপুর ইউনিয়নের লক্ষিকুন্ড গ্রামের খাঁ পাড়ার মৃত ঝড়ু খাঁর ছেলে আঃ ছামাদ খাঁ ও তার ছেলে মতিয়ার রহমান, আনিচুর রহমান ও মশিয়ারের বিরুদ্ধে। এতে অভয় পক্ষের মধ্যে যে কোন সময় রক্তক্ষয়ী সংঘর্ষের আশংকা করছে এলাকাবাসী। এদিকে ভুক্তভোগী বাদী শরিফুল ইসলাম পুলিশের দারস্থ্য হয়েও পাচ্ছেন না কোন প্রতিকার। এবিষয়ে আদালতের হস্তক্ষেপ চেয়েছেন অসহায় ভুক্তভোগী শরিফুল ইসলাম।

অভিযোগ সূত্রে জানাযায়, উপজেলার সাফদারপুর ইউনিয়নের লক্ষিকুন্ড গ্রামের খাঁ পাড়ার মৃত শাহাদৎ হোসেনের নামে কোটচাঁদপুর ৩৬ নং জয়দিয়া লক্ষিকুন্ড মৌজার ৫৫২নং এসএ খতিয়ান ও হাল ৯৭ খতিয়ানের ১৫৫৮এস এ দাগ ও ২৯৭৮ হালদাগের ১৯ শতক জমি ১৮২৬ ও ১৯৬২ সালের রেকর্ডে উল্লেখ থাকে। শাহাদৎ হোসেনের মৃত্যুর পর তার চাচাতো ভাই সামাদ খাঁ ভূয়া ও জাল কাগজ পত্র দাখিল এবং অনিয়ম করে ১৯৮৬ সালের রেকর্ডে ৬ শতক জমি সামাদ খাঁ নিজের নামে রেকর্ড করে নেন। পরবর্তিতে বিষয়টি বুঝতে পেরে শাহাদৎ হোসেনের ছেলে শরিফুল ইসলাম শরিফ খাঁ বাদী হয়ে ঝিনাইদহ জেলা দেওয়ানী আদালতে ২০১৯ সালের দিকে রেকর্ড সংসধনী মামলা দায়ের করেন। যা দেওয়ানী আদালতে রেকর্ড সংসধনী মামলায় বিচারাধীন।

এর পরেও বিবাদপূর্ণ ওই সম্পত্তিতে সামাদ খাঁ ও তার ছেলেরা সহ পরিবারের অন্য সদস্যরা জবর দখল করে ঘর নির্মান করছেন। যার প্রেক্ষিতে গত ১৬-০৮-২০২১ তারিখে শরিফুল ইসলাম বাদী হয়ে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালতে কাজ বন্ধের নিষেধাজ্ঞা জারি করে ১৪৪ ধারার আদেশ চেয়ে আবেদন করেন। বিজ্ঞ আদালত বিষয়টি আমলে নিয়ে কোট পিঃ ৫৮৯/২০২১ এবং ১২৩৫ নং স্মারকে ফৌঃ কাঃ বিঃ ১৪৪ ধারা কার্যকর করতে তফসিলভুক্ত সম্পত্তিতে শান্তি-শৃঙ্খলা বজায় রাখতে সংশ্লিষ্ট কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জকে নির্দেশ প্রদান করেন। থানার এ.এস.আই রাসেল ঘটনাস্থলে গিয়ে উভয়পক্ষকে আদালতের নির্দেশনা অনুযায়ী ওই সম্পত্তিতে ১৪৪ ধারা জারি রেখে কোন প্রকার কাজ না করার নির্দেশ প্রদান করেন।

কিন্তু বিবাদী সামাদ খাঁ ও তার ছেলেরা ভোগদখলকৃত অংশে আদালতের ১৪৪ ধারা ভঙ্গ করে জোরপূর্বক রাজনৈতিক প্রভাব ও ভয়ভীতি প্রদর্শন করে ঘর নির্মাণ করছে। তাতে বাধা দিতে গেলে প্রতিপক্ষরা বিভিন্ন প্রকার ভয়-ভীতি, গালিগালাজ ও হত্যার হুমকি দেয়।

এবিষয়ে কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ ওসি মঈন উদ্দিন জানান, আদালতের আদেশ ক্রমে ওই জায়গায় ১৪৪ ধারা জারি করা হয়েছে। যা,পরবর্তী দিন আগামী ০৩-১১-২০২১ পর্যন্ত বলবৎ থাকবে। যদি কেই এই আদেশ অমান্য করে তাহলে, আদালতের আদেশ অনুযায়ী তাদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে।

কোটচাঁদপুরে দশম শ্রেণীর ছাত্রীর গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা

ঝিনাইদহের কোটচাঁদপুরে মোছাঃ পান্না খাতুন (১৫) নামে দশম শ্রেণীর এক স্কুল শিক্ষার্থী গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা করেছে।

বৃহস্পতিবার বেলা ৩ টার দিকে পৌর শহরের সলেমানপুর দফাদার পাড়ায় এঘটনা ঘটে। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল থেকে মৃতের মরদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতালের মর্গে পাঠায়। শিক্ষার্থী পান্না ওই গ্রামের মোঃ নুরুজ্জামান দফাদারের মেয়ে।

বিষয়টি নিশ্চিত করে থানার সেকেন্ড অফিসার এস.আই আব্দুল মান্নান জানান, কোটচাঁদপুর পাইলট মাধ্যমিক বালিকা বিদ্যালয়ের দশম শ্রেণীর ছাত্রী সলেমানপুর গ্রামের দফাদার পাড়ার মোঃ নুরুজ্জামান দফাদারের মেয়ে পান্না খাতুন নিজের ঘরে বৃহস্পতিবার বেলা ৩ টার দিকে অভিমান করে ঘরের বাশেঁর সাথে গলায় রশি দিয়ে ফাঁস দেয়।

এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। এসময় তার বাবা-মা পান্নার নানা বাড়ি পার্শ্ববর্তী উপজেলা মহেশপুরে ছিল। খবর পেয়ে পুলিশ ঘটনাস্থল থেকে মৃতের মরদেহ উদ্ধার করে ময়না তদন্তের জন্য সদর হাসপাতালে পাঠায়।

প্রাথমিকভাবে পুলিশের ধারনা প্রেম ঘটিত কারনে আত্মহত্যা করতে পারে। এঘটনায় কোটচাঁদপুর থানায় একটি অপমৃত্যুর মামলা হয়েছে।

জীবননগরে মোবাইল কোর্টে ৩ চাউল ব্যবসায়ীর জরিমানা

জীবননগরে মোবাইল কোর্ট পরিচালনা করে ৩চাউল ব্যবসায়ীকে ৩৫হাজার টাকা জরিমানা প্রদান করা হয়েছে।গতকাল বৃহসপ্রতিবার বেলা সাড়ে ১১টার সময় জীবননগর থানা পুলিশের সহযোগিতায় জীবননগর উপজেলা নির্বাহী অফিসার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট আরিফুল ইসলাম এ মোবাইল কোর্ট পরিচালনা করেন মোবাইল কোর্ট সুত্রে জানা গেছে,জীবননগর বাজারে বেশ কিছু ব্যবসায়ী চটের বস্তার পরিবর্তে প্লাস্টিকের বস্তা ব্যবহার করছে এ তথ্যর ভিক্তিত্বে জীবননগর উপজেলার পিয়ারাতলায় মোবাইল কোর্ট পরিচালনা করে মেসার্স সততা ট্রেডার্সকে ১০হাজার টাকা,দেশ বাংলা অটো রাইচ মিলকে ২০হাজার টাকা এবং প্রধান এগ্রোকে ৫হাজার টাকা জরিমানা আদায় করেন।এবং সকল মিল মালিক ও চাউল ব্যবসায়ীদের সর্তক করেন ।

হরিণাকুণ্ডুতে র্যাবের হাতে ওয়ারেন্টভুক্ত সাজাপ্রাপ্ত আসামী গ্রেফতার

ঝিনাইদহের হরিণাকুন্ডু উপজেলার শেখপাড়া বিন্নী এলাকা হতে ওয়ারেন্টভুক্ত ১ জন পলাতক সাজাপ্রাপ্ত আসামীকে গ্রেফতার করেছে ঝিনাইদহ র্যাব-৬।

বুধবার র্যাবের এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, গত ১৪ সেপ্টেম্বর রাত ২টার সময় র্যাব-৬ এর একটি চৌকস আভিযানিক দল গোপন সংবাদের

মাধ্যমে জানতে পারে যে, ঝিনাইদহ জেলার হরিণাকুন্ডু থানার পারি: জারী- ৮/১৯ এর ধারা ১৬ (৩) বিঃ এর একজন পলাতক সাজাপ্রাপ্ত আসামী আত্মগোপনে রয়েছে।

উক্ত সংবাদের সত্যতা যাচাই ও আইনগত ব্যবস্থা গ্রহনের জন্য ঝিনাইদহ জেলার হরিণাকুন্ডু থানাধীন শেখপাড়া বিন্নী এলাকায় অভিযান পরিচালনা কালে র্যাবের উপস্থিতি টের পেয়ে ঘটনাস্থল থেকে কৌশলে পালানোর চেষ্টাকালে উপজেলারশেখপাড়া বিন্নী গ্রামের গনজের শেখের ছেলে আসামী মোঃ মফিজুর রহমান (২০) কে গ্রেফতার করে। গ্রেফতারকৃত আসামীকে হরিণাকুন্ডু থানায় হস্তান্তর করা হয়েছে বলেও বিজ্ঞপ্তিতে জানানো হয়।

ঝিনাইদহ জেলা যুবলীগের বর্ধিত সভা অনুষ্ঠিত

ঝিনাইদহে জেলা যুবযুলীগের বর্ধিত সভা অনুষ্ঠিত হয়েছে। বুধবার সকাল ১০ টা থেকে শিল্পকলা একাডেমিতে এই বর্ধিত সভার আয়োজন করা হয়। দীর্ঘদিন বাদে সরকার দলীয় এই সংগঠনের বর্ধিতসভাকে ঘিরে নেতাকর্মীদের মধ্যে ছিল উৎসবের আমেজ।

জেলা যুবলীগের আহবায়ক আশফাক মাহমুদ জনের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন যুবলীগের প্রেসিডিয়াম মেম্বার ঝিনাইদহ-৩ আসনের সাবেক সংসদ সদস্য নবীনেওয়াজ।

প্রধানবক্তা হিসাবে উপস্থিত ছিলেন, কেন্দ্রীয় যুবলীগের যুগ্ম সম্পাদক সুব্রত পাল।

বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, সাংগঠনিক সম্পাদক অ্যাড ড. শামীম আল সাইফুল সোহাগ,কার্যনির্বাহী সদস্য মোঃ হুমায়ন কবির,ইঞ্জিনিয়ার প্রতীক ঘোষ, কেন্দ্রীয় সদস্য অ্যাড. এম হাসানুজ্জানুজ্জামান তুষার, মোঃ শেখ জসিম উদ্দিন।

অনুষ্ঠানে সঞ্চালনা করেন জেলা যুবলীগের যুগ্ম আহবায়ক রাশীদুর

রহমান রাসেল,হাফিজুর রহমান,রাজু আহমেদ ও শফিকুল ইসলাম শিমুল। বর্ধিত সভায় ৬টি উপজেলা, পৌরসভা যুবলীগ থেকে ২০ জন করে অংশগ্রহণ করেন। এছাড়া জেলা আহবায়ক কমিটির সকল সদস্য উপস্থিত ছিলেন।

বর্ধিত সভায় আলোচনায় বিভিন্ন ইউনিটে সম্মেলনের মাধ্যমে নতুন কমিটি গঠনের দাবি তোলা হয়। কেন্দ্রীয় নেতারা আলো চানার মাধ্যমে সংগঠনকে চাঙ্গা করার জন্য সার্বিক নির্দেশনা দেন।

ঝিনাইদহে শ্রেণীকক্ষে প্রধান শিক্ষকের গলায় ফাঁস দিয়ে আত্মহত্যা

ঝিনাইদহ সদর উপজেলার সাগান্না সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শ্রেণীকক্ষে গলায় ফাঁস নিয়ে আত্মহত্যা করেছে একই বিদ্যালয়ের প্রদান শিক্ষক নজরুল ইসলাম(৫২)।
বুধবার সকালে সাগান্না সরকারি প্রাথমিক বিদ্যালয়ের একটি কক্ষ থেকে ওই বিদ্যালয়ের প্রধানশিক্ষকের লাশ উদ্ধার করা হয়।নজরুল ইসলাম সাগান্না ঢালীপাড়ার মৃত সালাউদ্দিন মাস্টারের ছেলে। ঝিনাইদহ সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা শেখ মোহাম্মাদ সোহেল রানা জানান, সকালে শ্রেণীকক্ষে ওই স্কুলের প্রধান শিক্ষকের লাশ ঝুলে থাকা দেখে পুলিশে খবর দেয় স্থানীয়রা। পরে পরে পুলিশ ঘটনাস্থলে গিয়ে তার মরদেহ উদ্ধার করে। ওসি আরও বলেন, যে কক্ষ থেকে তার লাশ উদ্ধার করা হয়েছে ওই কক্ষের বাইরের গ্রীল ভিতর থেকে বন্ধ ছিল। প্রাথমিক ভাবে ধারনা করা হচ্ছে তিনি আত্মহত্যা করেছেন। মরদেহ উদ্ধার করে ঝিনাইদহ সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। নজরুল ইসলামের বড় ভাই বাবুল মিয়া জানান, গত ১৩ সেপ্টেম্বর বাড়ী থেকে স্কুলে আসে নজরুল ইসলাম। ওইদিন আর বাড়ীতে ফেরেনি সে। তারপর থেকেই তাকে অনেক খোজাখুজি করা হচ্ছিল। ফোনের টাওয়ারের অবস্থান দেখে হরিণাকুণ্ডুর ভালকী বাজারের আশপাশে ও তার স্কুলেও খোজ করার জন্য তার স্ত্রী আসছিল কিন্তু ওই তালাবদ্ধ কক্ষটি খোলা হয়নি। সেসময় তার ফোন বন্ধ ছিল। এ ঘটনায় ১৩ তারিখ সন্ধ্যায় চুয়াডাঙ্গা

সদর থানায় ডিজি করা হয়েছিল বলে জানান বাবলু মিয়া। তিনি আরও বলেন, আমার জানামতে পারিবারিক এবং স্টাফদের সাথে কোন কলহ ছিল না।

মহাসড়কের উপর বাস রেখে যাত্রী ওঠা নামা, দূর্ঘটনার আশঙ্কা

ঝিনাইদহের কালীগঞ্জে মহাসড়কের উপর বাস রেখেই চলছে যাত্রী ওঠা নামা। যার ফলে বাড়ছে যানজট ও দূর্ঘটনার আশঙ্কা। সাধারণ যাত্রীদের জীবনের ঝুকি নিয়ে উঠতে হচ্ছে বাসে। বাসের সাথে পাল্লা দিয়ে তিন চাকার ইজিবাইক ও সি এন জি রাস্তার উপর যত্রতত্র দাড়িয়ে যাত্রী তুলছে ও নামাচ্ছে।

কালীগঞ্জ বাস টার্মিনালে বাস দাঁড়ানোর জায়গা থাকা সত্বেও বাসগুলো দাড়াচ্ছে মহাসড়কের উপর। কারন অনুসন্ধানে গেলে দেখা যায় টার্মিনালে যে স্থানে বাস দাঁড়াবে সেখানে ট্রাক, লেগুনা, সি এন জি পার্কিং করা রয়েছে। যার ফলে যাত্রী ওঠানামা করার জন্য বাসগুলোকে রাস্তার উপরে দাড়াতে হচ্ছে।

নাম প্রকাশে অনিচ্ছুক এক দোকানী বলেন, বাসের যাত্রীদের কাছে চা বিস্কুট বেচে তাদের দোকান চলে, কিন্তু টার্মিনালের ভেতরে বাস গুলো না আসার ফলে তাদের ব্যবসা খারাপ যাচ্ছে। বাস দাড়ানোর জায়গায় ট্রাক লেগুনা রাখা হচ্ছে।

এদিকে মহাসড়কের উপর বাস রাখার কারনে দুই লেনের রাস্তার এক লেন বন্ধ হয়ে যায় ফলে প্রায়শই সৃষ্টি হয় যানজটের। পথচারীদের রাস্তা পারাপারের ক্ষেত্রে পোহাতে হচ্ছে ভোগান্তি।

নিরাপদ সড়ক চাই, কালীগঞ্জ শাখার আহবায়ক শিপলু জামান বলেন, অবৈধ যান বাহন ও ট্রাক বাস দাড়ানোর জায়গায় রাখা হচ্ছে যার ফলে বাস গুলো রাস্তার উপরে দাড়াচ্ছে। তাদের সংগঠন থেকে চালকদের সচেতন করা হচ্ছে।

উল্লেখ্য করোনা পরিস্থিতির পূর্বে প্রসাশনের হস্তক্ষেপে

বাসগুলো টার্মিনালের ভিতরে এসে যাত্রী ওঠা নামা করতো।

এ বিষয়ে কালীগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা সাদিয়া জেরিনের কাছে জানতে চাইলে তিনি জানান, বিষয়টি নিয়ে তিনি অবগত নন। তবে এমন কিছু ঘটে থাকলে আলোচনা সাপেক্ষে ব্যবস্থা নিবেন।